



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উদযাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৮ সেপ্টেম্বর ২০২৩।

যথাযোগ্য ধর্মীয় মর্যাদা ও ভাব গাভির্যের মধ্য দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদযাপিত হয়েছে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)। এ উপলক্ষে ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বাদ যোহর বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে আলোচনা ও দোয়া মোনাজাতের আয়োজন করা হয়। দোয়া মোনাজাতের পূর্বে উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ও ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবনীর উপর সংক্ষিপ্তভাবে আলোকপাত করেন এবং তিনি যে শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্যের বাণী প্রচার করেছেন তা সকলকে হৃদয়ে ধারণ করার আহবান জানান। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ পরিচালনা কমিটির আহবায়ক ড. মোঃ নাজমুল কায়েসের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, মসজিদ পরিচালনা কমিটির সদস্যবৃন্দসহ স্থানীয় মুসল্লীরা। দোয়া মোনাজাত পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ
উপ-পরিচালক (চ.দা.)